দৈনিক জনকণ্ঠ

তারিখ 01 JUN 2016
পৃষ্ঠা ১০ কলাম ৫

# শিক্ষা প্রতিষ্ঠানে স্বাস্থ্যসম্মত টয়লেট থাকতে হবে॥ শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার ॥ স্বাস্থ্যসম্মত টয়লেট না থাকা শিক্ষা প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। তিনি বলেন, ভাল মানের শিক্ষার জন্য সুষ্ঠু পরিবেশ খুব জরুরী। টয়লেট ও নিরাপদ পানির ব্যবস্থা সুষ্ঠু পরিবেশের প্রধান উপাদান। যেসব শিক্ষা প্রতিষ্ঠান এমন পরিবেশ নিশ্চিত করতে পারবে না তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। প্রয়োজনে আমি নিজে গিয়ে ওইসব বিদ্যালয়ের শিক্ষার পরিবেশ দেখে আসব।

মঙ্গলবার রাজধানীর গুলশানের স্পেক্ট্রা কনভেনশন সেন্টারে 'দেশের মাধ্যমিক বিদ্যালয়ে পানি ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থার উন্নয়নে সরকারী বাজেট বৃদ্ধি' বিষয়ে চাইল্ড পার্লামেন্ট অধিবেশনে আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী এসব কথা বলেন। সেভ দ্য চিলড্রেন বাংলাদেশ, প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ এবং বাংলাদেশ শিশু একাডেমি যৌথভাবে ১৩তম চাইল্ড পার্লামেন্টের আয়োজন করে।